দৈনিক বাংলা

৭৬

তারিখ 17 AUG 1991
পৃষ্ঠা 2 কলাম 2

৩০

# তদন্ত কমিশনের রিপোর্ট প্রকাশ করুন ঃ ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গত ২৭শে মে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাওলানা মতিউর রহমান নিজামীর আগমন কেন্দ্র করে সংঘটিত ঘটনা তদন্তের জন্য অস্থায়ী প্রেসিডেন্ট কর্তৃক গঠিত তদন্ত কমিশনের পুর্ণ রিপোর্ট অবিলম্বে প্রকাশের দাবী জানিয়েছে।

গতকাল শুক্রবার বিশ্ববিদ্যালয় ক্লাব

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি শিক্ষক সমিতি

(প্রথম পৃষ্ঠার পর)

ভবনে সমিতির কার্যকর পরিষদের এক সভায় এ দাবী জানানো হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভানেত্রী প্রফেসর হাসনা বেগম।

সভায় বলা হয়, অস্থায়ী প্রেসিডেন্ট কর্তৃক গঠিত এক সদস্যবিশিষ্ট কমিশনের বরাত দিয়ে সম্প্রতি কোন কোন পত্রিকায় যে সংবাদ পরিবেশিত হয়েছে তার প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির দৃষ্টি আকৃষ্ট হয়েছে। সমিতির কার্যকরী পরিষদ মনে করে যে পত্রিকায় প্রকাশিত খবরে শিক্ষকদের ভাবমূর্তি ক্ষুন্ন করা হয়েছে। সভায় এ ধরনের হীন প্রচেষ্টার তীব্র প্রতিবাদ জানানো হয়। খবর বিজ্ঞপ্তি।